



দরপত্র আহ্বান

- ১। অর্ডন্যান্স ডেপো চট্টগ্রাম, চট্টগ্রাম সেনানিবাসের ইউএন শেড-২ এর ক্ষতিগ্রস্ত/মরিচা পড়া ছাউনি পরিবর্তন পূর্বক নতুন প্রতিস্থাপক, ইনসুলেশন ফোম, আনুসঙ্গিক সরঞ্জামাদি (২০ বছরের গ্যারান্টিযুক্ত), পুরাতন টিন খোলা এবং নতুন প্রতিস্থাপক দ্বারা ছাউনি প্রতিস্থাপন করা হবে বিধায় শিডিউল অনুযায়ী সংশ্লিষ্ট ব্যবসায়ীদের নিকট হতে সীলমোহরযুক্ত প্যাডে দরপত্র আহ্বান করা যাচ্ছে।
- ২। শেডের সাইজ ১৮০' X ৩১২০'।
- ৩। শিডিউল এবং বিস্তারিত তথ্যের জন্য চীফ অর্ডন্যান্স অফিসার, অর্ডন্যান্স ডেপো চট্টগ্রাম এর দপ্তরে (অফিস চলাকালীন সময়ে) যোগাযোগ করতে অনুরোধ করা হলো। শিডিউল মূল্য ১,০০০.০০ (এক হাজার টাকা) যা ১৮ মার্চ ২০২৬ তারিখ হতে ২৯ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত বিক্রয়ের জন্য প্রস্তুত থাকবে।
- ৪। আগামী ২৯ মার্চ ২০২৬ তারিখ ১১০০ ঘটিকার মধ্যে অত্র ডেপোর অফিস গেইটে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র জমা করতে হবে। উল্লেখ্য যে, আগামী ২৯ মার্চ ২০২৬ তারিখ ১২০০ ঘটিকার মধ্যে টেন্ডার বক্স খোলা হবে।
- ৫। সর্বনিম্ন দরদাতাকে ১০% সিকিউরিটি মানি (গ্যারান্টি পিরিয়ডের পর ফেরত যোগ্য) দরপত্র গৃহীত হওয়ার পর কার্যাদেশ গ্রহণের পূর্বে পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টির মাধ্যমে চীফ অর্ডন্যান্স অফিসার, অর্ডন্যান্স ডেপো চট্টগ্রাম বরাবর জমা করতে হবে।
- ৬। কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে বর্ণিত শেড মেরামত দ্রব্যাদি সরবরাহ পূর্বক শেড মেরামত করতে হবে এবং সংশ্লিষ্ট ব্যবসায় নিয়োজিত ট্রেড লাইসেন্স ও আয়কর সনদের ফটোকপি দরপত্রের সাথে জমা করতে হবে।
- ৭। প্রচলিত বিধি মোতাবেক ভ্যাট এবং আয়কর প্রদান করতে হবে।
- ৮। অসম্পূর্ণ এবং শিডিউল বহির্ভূত দরপত্র গ্রহণযোগ্য নয়।
- ৯। কোন কারণ ব্যতিরেকেই অর্ডন্যান্স ডেপো চট্টগ্রাম কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

চীফ অর্ডন্যান্স অফিসার
পদবীঃ লেঃ কর্নেল
অর্ডন্যান্স ডেপো চট্টগ্রাম
চট্টগ্রাম সেনানিবাস
মোবাইল : ০১৭৬৯২৪২৮৫৪